

প্রসঙ্গঃ আ'লীগ-খেলাফত মজলিশ চুক্তি

এত বিম্মিত হবার কি আছে !

নুরুজ্জামান মানিক

ফ্রীল্যান্স সাংবাদিক, প্রাবন্ধিক ।

সম্প্রতি আ'লীগ-খেলাফত মজলিশের মধ্যকার ৫ দফা চুক্তিকে কেন্দ্র করে আমাদের বিশিষ্ট বুদ্ধীজীবীবৃন্দ -সুশীল সমাজের প্রতিক্রিয়া পড়ে মনে হচ্ছে তারা এরকম ঘটনার ঘটতে পারে এমনটা চিন্তাও করেননি এবং এর জন্যই যারপরনাই অবাক হয়েছেন যেমনটা হয়েছিলেন ৯০'এর দশকে- আলীগ -জামায়াত কৌশলগত মৈত্রী দেখে।

উপরক্তদের প্রতিক্রিয়া থেকে একটা চিত্র পরিস্কার আর সেটা হল, তাদের চিন্তা ও দূরদৃষ্টির দৈনতা ও মূঢ়তা ।

ধানক্ষেতে ধানের ফলন দেখে অবাক হবার কি আছে? যদি ধানের বীজ বপন-পরিচর্যা-মাড়াই ইত্যাদি করা হয় তবে তো ধানই ফলবে নাকি? একিভাবে আ লীগ-খেলাফত মজলিশের মধ্যকার ৫ দফা চুক্তিও একটি ধারাবাহিক ঘটনা পরস্পরার ফল। ইনকিলাবের সাথে আলীগ এর মিটিং,ইনকিলাব প্রতিনিধি দলের ভারত সফর ,বিভিন্ন ইসলামি দলের সম্মেলনে আলীগ নেতৃবৃন্দের অংশগ্রহন, নেজামে ইসলামিয়ার একাংশের নেতাকে শেখ হাসিনার কথা দেয়া যে,তারা তাদের ধর্মনিরপেক্ষতা সংশোধন করেছে ইত্যাদি ধারাবাহিক ঘটনাবলির ফলই কি আজকের চুক্তি নয়?

উপরোক্ত ঘটনাবলির সময় আমি ব্যক্তিগতভাবে মুক্তবুদ্ধি সম্পন্ন লেখক অভিজিত রায় ও নন্দিনী হোসেন এর সাথে পত্রালাপ (ই-মেইল) করেছিলাম । আমি ও নন্দিনী হোসেন লিখেছিলাম নিম্নোক্ত দুটি লেখা :

[http://satrong.org/content/current/AL\\_secularism\\_NM.pdf](http://satrong.org/content/current/AL_secularism_NM.pdf)

[http://satrong.org/content/current/Bangladesh\\_Go\\_ntobyondini.pdf](http://satrong.org/content/current/Bangladesh_Go_ntobyondini.pdf)

সুতরাং হাইব্রিড ধান বপন থেকে চাল পর্যন্ত মুখে কলুপ এটে বসে থাকবো আর মুদি দোকানে বা আড়তে চাল দেখে মহা বিস্ময়ে চেচামেচি করবো এই যদি হয় আমাদের বিশিষ্ট বুদ্ধীজীবীবৃন্দ -সুশীল সমাজের দায়িত্ব তবে, আমাদের গতি কি ?

জহির রায়হান, হুমায়ুন কবির,আখতারুজ্জামান ইলিয়াস ,আহমেদ শরীফ,আহমেদ ছফা প্রমুখ যদি আজ বেচে থাকতেন?

রচনাকালঃ ডিসে ২৬, ২০০৬